**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ৯৭/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ১৬ নভেম্বর ২০১৭, ২ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গা নিয়ে নজিরবিহীন সংকটে দেশ : সংসদে প্রধানমন্ত্রী

২। ছাত্রছাত্রীদের নিরাপদে যাতায়াতে বিআরটিসি বাস প্রস্তুত : সংসদে শিক্ষামন্ত্রী

৩। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে আসছে প্রামাণ্য চলচ্চিত্র : সংসদে তথ্যমন্ত্রী

৪। মাতৃত্বকালীন ভাতার মেয়াদ ৪ বছর হচ্ছে : সংসদে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

৫। সংসদে পরমাণু শক্তি কমিশন বিল পাস

৬। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মন্ত্রী পর্যায়ের সম্মেলনে যোগ দিতে রাশিয়া গেছেন স্বাস্থ্যমন্ত্রী

৭। ভারতের অর্থায়নে কুলাউড়া-শাহবাজপুর রেলপথ পুনঃনির্মাণ

৮। প্রাথমিক সমাপনীতে এবার অংশ নিচ্ছে প্রায় ৩১ লাখ পরীক্ষার্থী

৯। বিজিবি-এমপিএফ সীমান্ত সম্মেলনে রোহিঙ্গাদের দ্রুত ফিরিয়ে নেওয়ার আহ্বান বিজিবির

১০। লঘুচাপের প্রভাবে সারাদেশ মেঘাচ্ছন্ন ও গুঁড়ি গুঁড়ি বৃষ্টি

চলমান পাতা-২

**১।	রোহিঙ্গা নিয়ে নজিরবিহীন সংকটে দেশ : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মানবিক কারণে রোহিঙ্গাদের আশ্রয় দেওয়া হলেও তাদের সহায়তা প্রদান ও তাদের নিজ দেশে ফেরত পাঠানো নিয়ে বাংলাদেশ নজিরবিহীন সংকটে রয়েছে। তবে এ ইস্যুতে বাংলাদেশ আন্তর্জাতিক সমর্থন অর্জনে সক্ষম হয়েছে। সারাবিশ্ব এখন বাংলাদেশের পাশে আছে। আন্তর্জাতিক সহযোগিতায় এ সমস্যার সমাধান হবে বলে তিনি আশা প্রকাশ করেন। গতকাল (১৫ নভেম্বর বুধবার) সংসদের ১৮তম অধিবেশনে প্রধানমন্ত্রী নির্ধারিত প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**২।	ছাত্রছাত্রীদের  নিরাপদ যাতায়াতে বিআরটিসি বাস প্রস্তুত : সংসদে শিক্ষামন্ত্রী**

রাজধানীসহ বিভাগীয় শহরে যানজট নিয়ন্ত্রণ ও স্কুল কলেজের ছাত্রছাত্রীদের নিরাপদে যাতায়াতে বিআরটিসি বাস দিতে প্রস্তুত রয়েছে উল্লেখ করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বিআরটিসি বাস প্রস্তুত আছে, অভিভাবকরা রাজি হলে এখনই গাড়ি দেব। গতকাল (১৫ নভেম্বর বুধবার) মন্ত্রী সংসদ অধিবেশনে এক নোটিশের জবাবে এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১)।

**৩।	বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে আসছে প্রামাণ্য চলচ্চিত্র : সংসদে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের ওপর সরকার প্রামাণ্য চলচ্চিত্র নির্মাণের উদ্যোগ নিয়েছে। গতকাল (১৫ নভেম্বর বুধবার) সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, ২০২০ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর আগেই এই চলচ্চিত্রটি নির্মাণ করা হবে। অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, শেখ মুজিবুর রহমানের সরকার দেশের প্রতিটি বিভাগীয় শহরে বিটিভির স্বতন্ত্র সম্প্রচারকেন্দ্র চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তিনি বলেন, বর্তমানে চট্টগ্রামে একটি স্বতন্ত্র সম্প্রচারকেন্দ্র রয়েছে। ২০১৮ সালের শুরুতে চীন সরকারের সহায়তায় আরও ৬টি বিভাগীয় শহরে স্বতন্ত্র সম্প্রচারকেন্দ্র চালু করা হবে। সূত্র-**সংবাদ**
(শেষ পৃ.,ক.৩)।

**৪।	মাতৃত্বকালীন ভাতার মেয়াদ ৪ বছর হচ্ছে : সংসদে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, সরকার বর্তমানে বাংলাদেশের প্রায় ৮ লাখ হতদরিদ্র মাকে প্রতি মাসে পাঁচশ' টাকা করে ২ বছর ভাতা প্রদান করে। এ ভাতা প্রদানের উদ্দেশ্য হল শূন্য থেকে ২ বছর মেয়াদে শিশুর বিকাশে সহযোগিতা করা। কিন্তু ২ বছর পরে এই ভাতা বন্ধ করে দিলে শিশুর বিকাশ বাধাগ্রস্থ হতে পারে বিবেচনায় সরকার ভাতা প্রদানের মেয়াদ ৪ বছর করার চিন্তা ভাবনা করছে। গতকাল (১৫ নভেম্বর বুধবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে সামাজিক নিরাপত্তা স্ট্র্যাটেজি বাস্তবায়নে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের করণীয় শীর্ষক সেমিনারে এসব কথা বলেন প্রতিমন্ত্রী। সূত্র-**ইনকিলাব** (পৃ.৮,ক.৬), **অবজারভার** (পৃ.৪,ক.৫), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৬)।

**৫।	সংসদে পরমাণু শক্তি কমিশন বিল পাস**

জাতীয় সংসদে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন বিল-২০১৭ পাস হয়েছে। গতকাল (১৫ নভেম্বর বুধবার) বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বিলটি উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়। পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার, উন্নয়ন ও প্রসারসহ সংশ্লিষ্ট বিষয়াদি সম্পাদনে বিদ্যমান আইন যুগোপযোগী করার বিধান রয়েছে এ বিলে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৪), **যুগান্তর** (পৃ.১৭,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.৬) ।

**৬।	বিশ্ব স্বাস্থ্য সংস্থার মন্ত্রী পর্যায়ের সম্মেলনে যোগ দিতে রাশিয়া গেছেন স্বাস্থ্যমন্ত্রী**

রাশিয়ার মস্কোতে অনুষ্ঠেয় বিশ্ব স্বাস্থ্য সংস্থার মন্ত্রী পর্যায়ের সম্মেলনে যোগ দিতে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম গত ১৪ নভেম্বর মঙ্গলবার ঢাকা ত্যাগ করেছেন। 'এন্ডিং টিউবারকিউলসিস ইন দ্য সাসটেইনেবল ডেভেলপমেন্ট ইরা : এ মাল্টিসেক্টরাল অ্যাপ্রোচ' শীর্ষক দুই



দিনব্যাপী এ সম্মেলন আজ (১৬ নভেম্বর বৃহস্পতিবার) থেকে শুরু হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.১)।

**৭। ভারতের অর্থায়নে কুলাউড়া-শাহবাজপুর রেলপথ পুনঃনির্মাণ**

ট্রান্স-এশিয়ান রেল রুটের অন্তর্ভুক্তিতে ভারতের অর্থায়নে মৌলভীবাজারের কুলাউড়া থেকে শাহবাজপুর পর্যন্ত ৫২ দশমিক ৫৪ কিলোমিটার রেলপথ পুনঃনির্মাণ করা হচ্ছে। প্রকল্পটি নির্মাণে ব্যয় ধরা হয়েছে ৬৭৮ কোটি টাকা। এর মধ্যে ভারত প্রথম লাইন অব ক্রেডিট (এলওসি)'র আওতায় ৫৫৬ কোটি টাকা প্রকল্পে ব্যয় করবে। এছাড়া বাকি ১২২ কোটি টাকা সরকারের নিজস্ব তহবিল থেকে ব্যয় করা হবে। প্রকল্প নির্মাণে সময় ধরা হয়েছে ২ বছর। রেলপথটি নির্মাণে গতকাল (১৫ নভেম্বর বুধবার) রেলভবনে চুক্তি স্বাক্ষর করেন রেলওয়ের পূর্বাঞ্চলের মহাব্যবস্থাপক আব্দুল হাই ও ভারতীয় ঠিকাদার প্রতিষ্ঠান 'কালিন্দী রেল কনস্ট্রাকশন' এর ভাইস প্রেসিডেন্ট (ওভারসিস প্রজেক্ট) শারদ শর্মা। এ সময় রেলমন্ত্রী মো. মুজিবুল হক উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.৫)।

**৮। প্রাথমিক সমাপনীতে এবার অংশ নিচ্ছে প্রায় ৩১ লাখ পরীক্ষার্থী**

পঞ্চম শ্রেণির প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় এবার অংশ নিচ্ছে মোট ৩০ লাখ ৯৬ হাজার ৬৫ জন খুদে শিক্ষার্থী। এর মধ্যে রয়েছে প্রাথমিকে ২৮ লাখ চার হাজার ৫০৯ জন এবং মাদ্রাসার ইবতেদায়িতে দুই লাখ ৯১ হাজার ৫৫৬ জন পরীক্ষার্থী। আগামী ১৯ নভেম্বর সারাদেশে একযোগে প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষা শুরু হচ্ছে। গতকাল (১৫ নভেম্বর বুধবার) নিজ মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান এ তথ্য তুলে ধরেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.১)।

**৯। বিজিবি-এমপিএফ সীমান্ত সম্মেলনে রোহিঙ্গাদের দ্রুত ফিরিয়ে নেওয়ার আহ্বান বিজিবির**

বাংলাদেশে পালিয়ে আসা ছয় লাখের বেশি রোহিঙ্গাকে যত দ্রুত সম্ভব ফিরিয়ে নিতে মিয়ানমারের প্রতি আহ্বান জানিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। গত ১৪ নভেম্বর মঙ্গলবার মিয়ানমারের রাজধানী নেপিদোতে বিজিবি এবং মিয়ানমার পুলিশ ফোর্সের মধ্যে (এমপিএফ) চতুর্থ শীর্ষ পর্যায়ের সীমান্ত সম্মেলনে বাংলাদেশের পক্ষ থেকে এ আহ্বান জানানো হয়। সম্মেলনে মিয়ানমার থেকে অবৈধ অনুপ্রবেশ ও আকাশসীমা লঙ্ঘনসহ ৯টি বিষয় বাংলাদেশের পক্ষ থেকে উপস্থাপন করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

**১০। লঘুচাপের প্রভাবে সারাদেশ মেঘাচ্ছন্ন ও গুঁড়ি গুঁড়ি বৃষ্টি**

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের প্রভাবে গতকাল (১৫ নভেম্বর বুধবার) থেকে রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হচ্ছে। এ পরিস্থিতি কমপক্ষে আরও দুইদিন অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদফতর। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **নিউ এজ** (পৃ.৪,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক** : খুলনা-কলকাতা ট্রেন সার্ভিস চালু হওয়ায় যোগাযোগ ব্যবস্থায় এ ধরনের উদ্যোগ উভয় দেশের উন্নয়নের জন্য অপরিহার্য বলে মতপ্রকাশ।

খ. **সমকাল** : বৃহত্তর সিলেটের বিভিন্ন এলাকায় নদী ও ভূমি খুঁড়ে পাথর উত্তোলনের কারণে পরিবেশের

মারাত্মক ক্ষতি হওয়ায় এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **যায়যায়দিন :** বিনামূল্যে সরবরাহকৃত পাঠ্যবই মুদ্রণ ত্রুটিপূর্ণ ও নিম্নমানের কাগজে ছাপা হচ্ছে উল্লেখ করে মানসম্মত বই ছাপাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর, যায়যায়দিন, প্রথম আলো :** বনানীতে নিজের অফিসে দুর্বৃত্তদের গুলিতে একজন ব্যবসায়ী খুন হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এক্ষেত্রে নিরাপত্তাব্যবস্থায় কোথায় ত্রুটি ছিল তা খুঁজে বের করে অপরাধীদের চিহ্নিত করে কঠোর শাস্তির সুপারিশ।



ঙ. **সমকাল, ভোরের কাগজ :** বাংলাদেশের মানুষের মাথাপিছু আয় গত বছরের চেয়ে ৮ ডলার বেড়েছে উল্লেখ করে এর সুফল সমাজের সর্বস্তরের মানুষের মধ্যে পৌঁছে দেওয়ার জন্য ধনী-দরিদ্রের বৈষম্য কমিয়ে আনার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীসহ বিভিন্ন বড় শহরের যানজট কমাতে ট্রাফিক ব্যবস্থাপনায় নানা অনিয়ম দূর করার ওপর গুরুত্বারোপ।

ছ. **অবজারভার :** গার্মেন্টস শ্রমিকদের মজুরি জীবনযাত্রার ব্যয় সাপেক্ষে নির্ধারণ করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

জ. **ডেইলি স্টার :** কমগতিসম্পন্ন যানবাহনের জন্য হাইওয়ের পাশে প্যারালাল রোড নির্মাণের সুপারিশ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, উচ্চশিক্ষার মানোন্নয়নের দিকে সংশ্লিষ্টদের নজর দিতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'নারী পুরুষ সমতা ও নারী প্রতিনিধি'** শিরোনামের নিবন্ধে নারী প্রতিনিধিদের ক্ষমতা, কার্যাবলী, মর্যাদা ও সম্মানি বৃদ্ধি করলে এ পদটির প্রতি শিক্ষিত-সচেতন নারীরা আগ্রহী হবে ও নির্বাচন প্রক্রিয়ায় অংশগ্রহণ বাড়বে বলে অভিমত প্রকাশ।

#

ডালিয়া/খাদীজা/ফাহিমা/সাঈদা/রশীদ/ তানিয়া/২০১৭/৯.০০